

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপত্র

www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/২১১

তারিখ: ০১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ

১৫ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বিএসইসির সাথে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর প্রতিনিধিদলের সভা প্রসঙ্গে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর প্রতিনিধিদলের মধ্যে গত ৯ মার্চ ২০২৬ তারিখে রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি'র কার্যালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিএসইসির চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ। সভায় বিএসইসির কমিশনার ফারজানা লালারুখ, পরিচালক মোঃ আবুল কালাম, যুগ্ম পরিচালক সৈয়দ মুহাম্মদ গোলাম মাওলাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এডিবির প্রতিনিধিদলের নেতৃত্ব দেন Manohari Gunawardhena, সিনিয়র ফিন্যান্সিয়াল সেক্টর স্পেশালিস্ট এবং মিশন লিডার, ফাইন্যান্স সেক্টর অফিস (SD3-FIN)। প্রতিনিধিদলে আরও ছিলেন Mohammad Rashed Al Hasan, সিনিয়র প্রজেক্ট অফিসার (ফিন্যান্সিয়াল সেক্টর), SD3-FIN ও Azizul Quadir, প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট অফিসার, SARD।

সভায় বাংলাদেশের পুঁজিবাজারের বর্তমান অবস্থা, চ্যালেঞ্জ এবং উন্নয়ন সম্ভাবনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উল্লেখ করা হয় যে বিএসইসি দীর্ঘমেয়াদে পুঁজিবাজারের টেকসই উন্নয়নের লক্ষ্যে একটি সমন্বিত Capital Market Diagnostic সম্পন্ন করার পরিকল্পনা গ্রহণ করেছে। আগামী তিন বছরের মধ্যে দেশের জিডিপি'র তুলনায় পুঁজিবাজারের আকার বর্তমান প্রায় ১০ শতাংশ থেকে কমপক্ষে ৪০ শতাংশে উন্নীত করার লক্ষ্য নিয়ে কমিশন কাজ করেছে। এ লক্ষ্য অর্জনের জন্য বৃহৎ আকারের কোম্পানি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের পুঁজিবাজারে আকৃষ্ট করার বিষয়ে কর ও অন্যান্য নীতিগত সংস্কারের বিষয়েও সভায় আলোচনা হয়েছে। পাশাপাশি আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণ করে পুঁজিবাজারকে ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অফ সিকিউরিটিজ কমিশনস (IOSCO)-এর সুশাসন নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ করার উদ্যোগের কথাও সভায় উল্লেখ করা হয়। স্বল্পমেয়াদে বিএসইসি কমিশনের কার্যক্রমে ডিজিটলাইজেশন ও অটোমেশন বাড়ানোর মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেছে। পাশাপাশি দক্ষ জনবল বৃদ্ধি এবং বাজারে বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধির লক্ষ্যে বন্ড গ্যারান্টি ফান্ডের মতো নিরাপত্তা ব্যবস্থা চালুর বিষয়েও সভায় আলোচনা হয়। সভায় পুঁজিবাজারে বড় ঋণগ্রহীতাদের অংশগ্রহণ বাড়াতে একটি যৌথ কাঠামো তৈরির বিষয়েও আলোচনা হয়, যেখানে বিএসইসি ও বাংলাদেশ ব্যাংক সমন্বিতভাবে কাজ করবে। বড় ঋণগ্রহীতাদের পুঁজিবাজারে অর্থায়নের সুযোগ বাড়ানোর বিষয়টি বিবেচনায় আনা হয়েছে বলে সভায় জানানো হয়। এছাড়া বাজারে বৃহৎ কোম্পানিগুলোকে তালিকাভুক্ত করতে উৎসাহিত করার জন্য বিএসইসি তার আইনি ক্ষমতার আওতায় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়েও সভায় আলোচনা হয়েছে এবং এ ক্ষেত্রে বড় বাজার অংশীদারিত্বসম্পন্ন কোম্পানিগুলোর একটি অংশের শেয়ার পুঁজিবাজারে তালিকাভুক্ত করার জন্য প্রণোদনা প্রদানের বিষয়টিও বিবেচনায় রয়েছে। সভায় বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়নে বিভিন্ন অগ্রাধিকারভিত্তিক সংস্কার কর্মসূচি বাস্তবায়নে কারিগরি সহায়তা প্রদানের আগ্রহ প্রকাশ করে এডিবি। বিশেষ করে একটি কার্যকর বন্ড গ্যারান্টি ফান্ড গঠনের জন্য সম্ভাব্য মডেল নির্ধারণে সমীক্ষা পরিচালনা এবং বাস্তবায়নের জন্য উপযুক্ত সরকারি প্রতিষ্ঠান চিহ্নিত করতে সহায়তা দেওয়ার বিষয়েও এডিবি তাদের আগ্রহ ব্যক্ত করে। সভায় উভয় পক্ষ বাংলাদেশের পুঁজিবাজারকে আরও শক্তিশালী, স্বচ্ছ ও বিনিয়োগবান্ধব হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ভবিষ্যতে যৌথভাবে কাজ করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র